

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৫/১২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে "নিষিদ্ধ ট্রেড ইন্টারন্যাশনাল" নওয়াব ম্যানশন, গুলশান-১, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানে বেশকিছু খাদ্যপণ্য মেয়াদোত্তীর্ণ অবস্থায় বিক্রয়ের উদ্দেশ্যে মজুদ করতে দেখা যায়। যথযথ লেবেল সংযোজন ব্যতিরেকে খাদ্যদ্রব্য মজুদ করতে দেখা যায়। এছাড়াও ট্রেড লাইসেন্স এর ঠিকানার সাথে বাস্তবে ব্যবসায় প্রতিষ্ঠানের ঠিকানার মিল পাওয়া যায় নি। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে "নিষিদ্ধ ট্রেড ইন্টারন্যাশনাল" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মোহাম্মদ ইমরান হোসেন মোল্লা, মনিটরিং অফিসার; জনাব মো: আমিনুল ইসলাম, মনিটরিং অফিসার; জনাব মেহরিন যারীন তাসনিম, নিরাপদ খাদ্য অফিসার; জনাব আব্দুস ছালাম মৃধা, নিরাপদ খাদ্য পরিদর্শক; জনাব আব্দুল খালেক মজুমদার, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।